Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৭ই পৌষ বুধবার ১৩৬৬ ইংরাজী 23rd Dec. 1959 { ৩২শ সংখ্যা





মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত
জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

### আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

### বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৭ই পৌষ বুধবার সন ১৩৬৬ সাল।

# "নাই" এর ঘরে "খাঁই"

—০—

যে গৃহস্থের পরিবারে বহু লোককে খেতে দিতে হয় অথচ আয় তদুপযুক্ত নয় তার যে কি কষ্ট তা ভুক্তভোগী না হ'লে কেউ বোঝে না। দেশে জমিদারগণের জমিদারী সরকার কবলে যাওয়ার পর দেশের খাটুনে লোক সব কর্ম্মবিহীন হ'য়ে পড়েছে। সকলের কথা বলা যায় না একটি ছোট জমিদারের গল্প বলি শুনুন।

যে গ্রামে জমিদার বাবুর বাড়ী সে গ্রাম হ'তে মাইল ৪ দূরে তাঁর প্রজারাই তাঁর পাল্কীর বেয়ারা। বাবু ঘোড়ায় চড়ে সেই গ্রামে এসে দেখেন তাঁর সর্দ্দার বেয়ারা প্রৌঢ় মাধব হুঁকো নিয়ে তামাক খাচ্ছে। অশ্বপৃষ্ঠে জমিদার বাবুকে দেখে মাধব তাড়াতাড়ি হুঁকো রেখে বাবুকে করযোড়ে প্রণাম করলো। মাধবের ৪টি ভীমাকৃতি পুত্র বাঁশ কেটে বাখারি তৈরী করছে। বাবু মাধবকে দেখে বললেন—মাধব! এরা কি তোমার ছেলে?

মাধব—হুজুরের পায়ের আশীর্ব্বাদে এ চারটি ছোট। এদের বড় চারটি মাঠে ধান কাটতে গেছে হুজুর। মাধব মুনিবকে প্রণাম করতে ছেলেদের ইঙ্গিত করা মাত্র তারা মুনিবের চরণ স্পর্শ ক'রে প্রণাম করলো।

মুনিব এই ছোটদের স্বাস্থ্য দেখে খুব খুসী হ'য়ে মাধবকে বল্লেন তুমি খুব ভাগ্যবান। কেমন স্বাস্থ্যবান ছেলেগুলি! আর কত দেবস্থানে মানসিক ক'রে তারকনাথের কৃপায় তারকদাস হ'য়েছে। তিনখানা হাড় রোগ লেগেই আছে। মাধব বল্লে—হুজুর—ভদ্দরলোকের ছেলে ময়ূরে ছেলে ছোটবেলায় মুরগীর মত হয় বড় হ'লে প্যাখম ধরে। ছোট লোকের ছেলে কুকুরে ছেলে ছোটতে কুকুরের মত ভাকুর ভুকুর থাকবে বড় হ'লে খেঁকীর বাচ্চা খেঁকী হবে। বাবু বল্লেন তোমার আট পুত্র বেশ ভাগ্য তোমার।

মাধব আনন্দিত হয়ে ব'লে উঠলো হুজুরকে ভগবান একটি দিয়েছেন, আমাকে ৮টি দিয়েছেন। হুজুরদের একটি হলেই আমাদের ৮টি চাই নইলে ১ খানা পাল্কীতেই যে ৮ বেয়ারা দরকার হবে। আজ হুজুরকে ঘোড়ায় আসা দেখে হতাশ হয়েছি। হুজুর পরশু দিন দেখলাম পাকাডাঙ্গার জমিদার মটর না কলাই কি গাড়ী কিনে পোঁক পোঁক শিঙে বাজাচ্ছে আর রেলগাড়ীর মত বেগে চলেছেন। হুজুর যত যন্ত্র হবে আমাদের তত যন্ত্রণা বাড়বে। ১টা ঘোড়া আজ আমাদের আট ছেলের মজুরী মারলো। আমরা বলি "বালা বাড়ে দুঃখ খণ্ডে"। দেখবেন হুজুর যন্ত্র যত হবে খাটুনেদের তত যন্ত্রণা বাড়বে। আজ আমরা নিয়ে একটি খবর দিচ্ছি দেখবেন মাধবের কথা ফলতে ফলতে কতদূরে দাঁড়ায়।

## *আয় অনুযায়ী পরিবারের সংখ্যা বৃদ্ধি*

### শ্রীডি পি কারমারকারের অভিমত

নয়াদিল্লী, ১৭ই ডিসেম্বর:—পরিবার পরিকল্পনা দিবস উপলক্ষে এক বেতার সাক্ষাৎকারে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী শ্রী ডি পি কারমারকার বলেন, দেশের সম্পদের সহিত সঙ্গতি রক্ষা করিয়া লোক সংখ্যা নিয়ন্ত্রণ আবশ্যক। তিনি আশা করেন, দেশবাসী এই গুরুদায়িত্ব সম্পর্কে সচেতন হইয়া দেশব্যাপী পরিবার পরিকল্পনা সম্পর্কিত তথ্যাদির প্রচারে সহায়তা করিবেন। তিনি আরও বলেন, এদেশে জনসংখ্যা প্রতি বৎসর ৭০ লক্ষ করিয়া বৃদ্ধি পাইতেছে; ফলে জীবন ধারণের মান উন্নীত করা সম্ভব হইতেছে না। এজন্যই পরিবার পরিকল্পনা আজ অত্যাবশ্যকীয় হইয়া উঠিয়াছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রারম্ভে পল্লী অঞ্চলের ২১টি সহ মোট পরিবার পরিকল্পনা ক্লিনিকের সংখ্যা ১৪৭টি ছিল। তাহা ছাড়া, কয়েকটি প্রসূতি ও শিশু স্বাস্থ্য কেন্দ্রে এ সম্পর্কে উপদেশ দিবার ব্যবস্থা ছিল। চিকিৎসা প্রতিষ্ঠানে এই ব্যবস্থা ছিল না বলিলেই চলে। মাত্র কয়েকটি জেলায় পরিবার পরিকল্পনা সার্ভিসের প্রচলন ছিল; কিন্তু বর্ত্তমানে ইহার অগ্রগতি খুবই সন্তোষজনক। আজ সমগ্র দেশে পল্লী অঞ্চলের ৭১২টি সহ ১,১৪৭টি ক্লিনিক খোলা হইয়াছে। ১৩১৮টি প্রসূতি ও শিশু স্বাস্থ্য কেন্দ্রে এ সম্পর্কে উপদেশ দেওয়া হইতেছে, ২৭৮টি জেলায় পরিবার পরিকল্পনা সার্ভিসের প্রচলন হইয়াছে। ২৭টি মেডিকেল কলেজে পরিবার পরিকল্পনা কোর্স চালু হইয়াছে, ক্লিনিকসহ ৬৫টি শিক্ষণ কেন্দ্র খোলা হইয়াছে এবং আড়াই হাজারের অধিক ব্যক্তি এ বিষয়ে বিশেষ শিক্ষা লাভ করিয়াছে।

শ্রীকারমারকার জানান যে, এদেশে গর্ভনিরোধক বিভিন্ন দ্রব্য এবং ফোম ট্যাবলেট উৎপন্ন হইতেছে। জেলীর উৎপাদন আরম্ভ হইয়াছে। শীঘ্রই রবারের তৈয়ারী গর্ভনিরোধক দ্রব্য উৎপাদন আরম্ভ হইবে। ঔষধের দ্বারা গর্ভ নিরোধ করা সম্পর্কে গবেষণা কার্য্য চলিতেছে। সংক্ষেপে বলিতে গেলে ভারত এ ব্যাপারে দ্রুত গতিতে অগ্রসর হইতেছে এবং ক্রমশঃই ইহার ব্যাপ্তি ঘটিতেছে। পরিশেষে তিনি বলেন, পরিবারের আয় অনুযায়ী সংখ্যা বৃদ্ধি প্রয়োজন। প্রত্যেক পরিবারে তিনটীর অধিক সন্তান হওয়া উচিত নহে। এ বিষয়ে সকলেরই সচেতন হওয়া উচিত। জনসাধারণের সহযোগিতার উপরে এই পরিকল্পনার সাফল্য নির্ভর করে বলিয়া তিনি দেশবাসীর নিকট সক্রিয় সহযোগিতার আহ্বান জানান।

---

### জঙ্গিপুরে

## *ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার শাখা*

আগামী ২৮শে ডিসেম্বর সোমবার জঙ্গিপুর ফৌজদারী আদালত কম্পাউণ্ডে সব-ট্রেজারী দালানের উত্তর সংলগ্ন নবনির্ম্মিত দালানে ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার জঙ্গিপুর শাখার কার্য্য আরম্ভ হইবে। এতদঞ্চলের জনসাধারণ ও ব্যবসায়ীগণের বিশেষ সুবিধা হইবে।

---

## ভারত দর্শন আমার জীবনে এক অন্তরস্পর্শী অভিজ্ঞতা

### প্রেসিডেণ্ট আইকের বিদায়-বাণী ভারতের সৌভাগ্য ও সাফল্য কামনা

প্রেসিডেণ্ট আইসেনহাওয়ার ভারত পরিত্যাগ-কালে ভারতীয় জনগণের প্রতি বিদায় সম্ভাষণ জানাইয়া এক বেতার বাণীর রেকর্ড করেন। এই বাণী আকাশবাণীর সকল কেন্দ্র হইতে প্রচার করা হইবে। ভারতবাসীর নিকট বিদায় সম্ভাষণ জানাইয়া প্রেসিডেণ্ট আইসেনহাওয়ার বলেন :—

আপনাদের বেতারের মাধ্যমে বিদায় সম্ভাষণ জানাইয়া আপনাদের নিকটে কিছু বলিবার এই সুযোগকে আমি স্বাগত জানাই। নিতান্ত অনিচ্ছা সহকারেই আমাকে ভারত ত্যাগ করিয়া যাইতে হইতেছে। ভারত দর্শন আমার জীবনে এক অন্তরস্পর্শী অভিজ্ঞতা। পাঁচদিন অবস্থানকালে আমি আপনাদের শ্রদ্ধেয় রাষ্ট্রপতি, সুবিখ্যাত প্রধান মন্ত্রী এবং আপনাদের মহান্ নেতৃবৃন্দের অনেকের সঙ্গে সাক্ষাৎ করিয়াছি। আমি যেখানেই গিয়াছি সেখানেই আপনাদের অগণিত নরনারীর বন্ধুত্ব ও আন্তরিকতা অনুভব করিয়াছি। আরও উল্লেখযোগ্য যে, এই আমি নব ভারতের মর্ম্মবাণী অনুধাবন করিয়াছি। যুগ যুগান্তরে সাংস্কৃতিক ঐতিহ্যবাহক এই দেশ। আজ তাহার সম্মুখে এক মহান্ লক্ষ্য। দৃঢ়চিত্ত লইয়া সে অগ্রসর হইয়া চলিয়াছে। সুপ্রাচীন সভ্যতার ভিত্তির উপরে আজ এক আধুনিক মহান্ গণতন্ত্র গড়িয়া তুলিতেছে।

ভারত আমার জীবনের গত পাঁচদিন এমন এক বিশাল আহ্বান, উচ্ছ্বাস ও বিস্ময়ে ভরিয়া দিয়াছে যে তাহা আমি কখনও ভুলিতে পারিব না। আমাদের দুই দেশের মধ্যে বহু সাদৃশ্য আমার নিকট সুস্পষ্ট হইয়া উঠিয়াছে। ভারত ও আমেরিকা ব্যক্তির মর্য্যাদায় এবং ব্যক্তির নিজস্ব ইচ্ছামত জীবনধারণেরও অধিকারে বিশ্বাস করে। সংখ্যা-লঘুর নিজস্ব অভিমত স্বীকার ও তাহা সংরক্ষণের অধিকারে আমরা উভয়ে বিশ্বাসী। শান্তিপূর্ণ পন্থায় ক্ষুদ্র বা বৃহৎ রাষ্ট্রসংশ্লিষ্ট আন্তর্জ্জাতিক বিরোধ নিষ্পত্তিকে এবং বিশ্ব ব্যাপারে আইনের রাজত্ব রক্ষায় আমরা উভয়ে বিশ্বাস করি। বস্তুতঃ এইগুলিই আমাদের উভয়ের মধ্যে মৌলিক বন্ধন। আপনাদের সভ্যতা সুপ্রাচীন। আপনাদের সংস্কৃতি ও ঐতিহ্যও অতি প্রাচীন।

আমাদের দেশ তরুণ। আমাদের ঐতিহ্যও নবীন। কিন্তু আরেক দিক দিয়া অর্থাৎ স্বাধীন জাতি হিসাবে আপনারাও নবীন। আজ হইতে ১৮৪ বৎসর পূর্ব্বে নূতন জাতি গঠনের পথে আমরা যেভাবে যাত্রা সুরু করিয়াছিলাম আজ আপনারাও সেইভাবে যাত্রা সুরু করিয়াছেন। আপনাদের সমস্যা ভিন্ন। আপনাদের বাধা বিপত্তিও ভিন্ন রকমের। যে সম্পদ লইয়া আপনাদের কাজ করিতে হইবে তাহাও স্বতন্ত্র। কিন্তু আপনারা যে লক্ষ্যে চলিয়াছেন আমাদেরও সেই লক্ষ্য ছিল এব এখনও আছে—এমন এক দেশ গড়িয়া তোলা দরকার যেখানে প্রত্যেক নরনারী স্বাধীনভাবে নিজের ইচ্ছামত সুখী ও সমৃদ্ধিশালী জীবনধারা গড়িয়া তুলিবার পূর্ণ অধিকার থাকিবে ; যে দেশে প্রতিষ্ঠিত হইবে, আব্রাহাম লিঙ্কনের কথায় বলতে গেলে, জনগণের জন্য জনগণের দ্বারা প্রতিষ্ঠিত জনগণের সরকার।

আপনারা যেখানে আপনাদের জনগণের জীবন-ধারণের মান উন্নয়নের বিরাট সমস্যাকে গ্রহণ করিয়াছেন এবং এই কর্ত্তব্য সম্পাদনে যেভাবে আপনারা উৎসাহ, বুদ্ধি ও কল্পনাশক্তি প্রয়োগ করিয়াছেন তাহা দেখিয়া আমি অত্যন্ত অভিভূত হইয়াছি। স্বাধীনতা লাভের ১২ বৎসরের মধ্যেই আপনারা যে সাফল্য অর্জ্জন করিয়াছেন তাহা খুবই উল্লেখযোগ্য এবং আমি আশা করি, আপনাদের ভবিষ্যৎ আরও সম্ভাবনাপূর্ণ। আমি এই দৃঢ় বিশ্বাস লইয়া ভারত ত্যাগ করিয়া যাইতেছি যে, ভারত ও মার্কিণ যুক্তরাষ্ট্রের জনগণ তাহাদের জনগণের উন্নয়নের এবং সমগ্র বিশ্বে শান্তি ও ন্যায়বিচার প্রতিষ্ঠার প্রচেষ্টায় বিরত রহিয়াছে। তাই আজ বিদায় লইবার সময় এই মহান্ জাতির বন্ধুত্ব ও আন্তরিকতা সঙ্গে লইয়া যাইতেছি। আপনারা আমাকে যেভাবে সম্বর্দ্ধনা করিয়াছেন সেজন্য আপনাদের আবার সন্যবাদ জানাই। মার্কিণ যুক্তরাষ্ট্রের জনগণের পক্ষ হইতে আমি আপনাদের সৌভাগ্য ও সাফল্য কামনা করি।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১১ই জানুয়ারী ১৯৬০

১৯৫৮ সালের ডিক্রীজারী

১৮৪ থাং ডিঃ পশ্চিম বঙ্গ সরকার পক্ষে কালেক্টার অব মুর্শিদাবাদ দেং চারুবালা দেবী দাবি ৭৬০ টাকা ৭৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ৫ ৫/১৪ শতক জমি মায় তদুপরিস্থিত পোক্তা দ্বিতল ঘর, জানালা, কপাট ইত্যাদি আঃ ২০০৲ খং ৫৯৫ ২নং লাট মৌজাদি ঐ ১০ শতকের দেন্দারের ½ অংশ আঃ ১০০৲

১৯৫৯ সালের ডিক্রীজারী

১১১ থাং ডিঃ সহস্রাংশুকান্ত আচার্য্য দিং দেং মহম্মদ আলী মণ্ডল দিং দাবি ৪৬৷৵৬ থানা সুতী মৌজে নুরপুর ১৮॥২ জমির কাত ৭।৵৯ আঃ ২০৲ খং ২১

১১২ থাং ডিঃ পার্ব্বতীচরণ দত্ত দিং দেং সঞ্জয়-কুমার ঘোষ দিং দাবি ৫০৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতকমল ১-৩৯ শতকের কাত ৫॥/০ আঃ ২০৲ খং ৪৪৩

১১৭ থাং ডিঃ গোবিন্দলাল দাস দিং দেং জ্ঞান-রঞ্জন দাস দিং দাবি ১৬ টাকা ১২ নঃ পঃ থানা সুতী মৌজে ফতুল্লাপুর ১-৩০ শতকের কাত ৩৵০ আঃ ১০৲ খং ১০

১১৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪ টাকা ৫৯ নঃ পঃ মৌজাদি ঐ ১-৪১ শতকের কাত ২॥/৯ আঃ ৫৲ খং ৫৫৫

১২০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯ টাকা ৫০ নঃ পঃ মৌজাদি ঐ ২-৫০ শতকের কাত ৪॥/৫ আঃ ১০৲ খং ৫৬০

১২৭ থাং ডিঃ অশ্বিনীকুমার সরকার দেং জ্ঞান-রঞ্জন দাস দিং দাবি ১৭ টাকা ৫৬ নঃ পঃ থানা সুতী মৌজে ফতুল্লাপুর ২-২২ শতকের কাত ৫৸৵০ আঃ ৫৲ খং ১২১

৪৭ থাং ডিঃ মনোহরদাস মহান্ত দিং দেং তারা-পদ রায় দিং দাবি ৪৪ টাকা ৫৬ নঃ পঃ থানা

রঘুনাথগঞ্জ মৌজে পিয়ারাপুর ২-৩২ শতকের বার্ষিক কাত ৪৵৬ আঃ ৫৲ খং ২৭০

৬০ মনি ডিঃ যতীশচন্দ্র দত্ত শিক্ষক দেং পুলিন মণ্ডল দাবি ১০৫ টাকা ২২ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে দুর্গাপুর ৩৫ শতকের কাত ১।৶৯ আঃ ১৫৲ খং ৬৬ ২নং লাট মৌজাদি ঐ ৫৮ শতকের কাত ৮৶১১ পাই আঃ ২৫৲ খং ৬৮ ৩নং লাট মৌজাদি ঐ ১-৫৪ শতকের কাত ৩॥৩ পাই আঃ ৩০৲ খং ৩৭১

## *চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৯শে জানুয়ারী ১৯৬০*

১৯৫৯ সালের ডিক্রীজারী

৩৫ থাং ডিঃ সেঃ গোবিন্দদাস নাথ দেং কৃষ্ণকনক রায় দিং দাবি ৯৫ টাকা ৬ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ও দেওনাপুর ১৮ শতক ও ১৯-৫৪ শতক জমি আঃ ৭০৲ খং ৬৯২, ৬৯৬ ও ১৬২২ দেওনাপুর মৌজার খং ২নং হইতে ১১নং

---

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত *নিলামের দিন ৮ই ফেব্রুয়ারী ১৯৬০*

১৯৫৯ সালের ডিক্রীজারী

১০৪ থাং ডিঃ সেঃ গোবিন্দদাস নাথ দিং দেং বিদগ্ধগোপাল দাস দাবি ৫৫ টাকা ৮২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে মঙ্গলজন ৫-৬৮ শতক জমি আঃ ৫০৲ খং ৮৪

১০৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৯ টাকা ৯৫ নঃ পঃ মৌজাদি ঐ ৫০৫ শতক জমির মধ্যে ২ ৮৬ শতক জমি আঃ ৫০৲ খং ৭৯

১০৬ থাং ডিঃ ঐ দেং বিষ্ণুচরণ সিংহ রায় দাবি ১১৩ টাকা ৫৪ নঃ পঃ থানা ঐ মৌজে মিঠিপুর ৩-২৮ শতক জমি আঃ ৮০৲ খং ৬০৬

১২২ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং ভক্তিভাবিনী দাসী দিং দাবি ৩০ টাকা ৯০ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ২-৬০ শতকের কাত ৮৫১২॥০ আঃ ১৫৲ খং ৪৬৪

১২৩ থাং ডিঃ ঐ দেং খতিজা খাতুন বিবি দাবি ৮২ টাকা ৮৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ৯৫ শতকের কাত ৩২৲১৫ আঃ ৪০৲ খং ৩৯৪

---


# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জবাকুসুম তৈলের গুণ অতুলনীয়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ ( লে ) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন ( ২ ) ও ( ৫ ) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ ( লে ) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বলা যায়

( ১ )

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

( ২ )

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ।
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

( ৩ )

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে!
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

( ৪ )

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

( ৫ )

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—শ্রীশরৎ পণ্ডিত (দা'ঠাকুর)

## সরকারী বিজ্ঞপ্তি

(১) ডোমকল হইয়া বহরমপুর কুশবেড়িয়া ঘাট রুটে নিম্নলিখিত সময়ে যাত্রিবাহী গাড়ীর স্থায়ী রুট পারমিটের জন্য নির্দিষ্ট ফরমে ( মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন প্রাধিকারের অফিসে প্রাপ্তব্য ) দরখাস্ত আহ্বান করা যাইতেছে :—আপ ট্রিপ—বহরমপুর হইতে ছাড়িবে বৈকাল ৫টা, ডোমকলে পৌঁছিবে বৈকাল ৬-৫০ মিনিটে। ডোমকল হইতে ছাড়িবে বৈকাল ৬-৫৫ মিনিটে কুশবেড়িয়া ঘাটে পৌঁছিবে সন্ধ্যা ৭-৫৫ মিনিটে। ডাউন ট্রিপ—কুশবেড়িয়া ঘাট হইতে ছাড়িবে সকাল ৫-১৫ মিনিটে, ডোমকলে পৌঁছিবে সকাল ৬-১৫ মিনিটে। ডোমকল হইতে ছাড়িবে সকাল ৬-২০ মিনিটে ও বহরমপুরে পৌঁছিবে সকাল ৮-১০ মিনিটে। দরখাস্ত পেশ করিবার শেষ তারিখ ৩১শে ডিসেম্বর ১৯৫৯। (২) কান্দি হইয়া পাঁচথুপি—বেলগ্রাম রুটে ষ্টেজ-ক্যারেজ'র একটি স্থায়ী রুট পারমিটের জন্য নির্দিষ্ট ফরমে ( মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন প্রাধিকারের অফিসে প্রাপ্তব্য ) দরখাস্ত আহ্বান করা যাইতেছে। দরখাস্ত পেশ করিবার শেষ তারিখ ৩১শে ডিসেম্বর ১৯৫৯। (৩) কান্দি হইতে পারুলিয়া হইয়া মহিশর, হরিপুর এবং খড়গ্রাম রুটে 'ষ্টেজক্যারেজে'র একটি স্থায়ী রুট পারমিট দেওয়ার জন্য যথাপ্রাপ্ত বিবরণাদি সমেত আবেদনকারীদিগের তালিকা মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন প্রাধিকারের অফিসের নোটিশ বোর্ডে এবং এই জেলার প্রত্যন্তবর্তী মহকুমা শাসকদের নোটিশ বোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এই রুটে বর্ষাকালে বাস চলাচল করিবে অর্থাৎ জুন হইতে অক্টোবরে 'কুলি' হইয়া এবং বৎসরের বাকি সময়ে অর্থাৎ নভেম্বর হইতে মে পর্যন্ত মহিশর, হরিপুর ও খড়গ্রাম হইয়া চলিবে। এই সংক্রান্ত কোন আবেদন থাকিলে এই বিজ্ঞপ্তি প্রকাশিত হইবার ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গৃহীত হইবে। দরখাস্ত সমূহ এবং আবেদন সমূহ বিবেচনা করিবার সময়, তারিখ, ও স্থান সংশ্লিষ্ট ব্যক্তিগণকে যথা সময় জানাইয়া দেওয়া হইবে। (৪) রঘুনাথগঞ্জ, বোখারা রুটে' ষ্টেজ ক্যারেজে'র একটি স্থায়ী রুট পারমিটের জন্য আবেদনকারীদিগের তালিকা যথাপ্রাপ্ত বিবরণাদি সমেত মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন প্রাধিকারের নোটিশ বোর্ডে এবং এই জেলার প্রত্যন্তবর্তী মহকুমা শাসকের অফিসে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এই সংক্রান্ত কোন আবেদন এই বিজ্ঞপ্তি প্রকাশিত হইবার ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গৃহীত হইবে। দরখাস্ত সমূহ এবং আবেদন সমূহ বিবেচনা করিবার সময়, তারিখ ও স্থান সংশ্লিষ্ট ব্যক্তিগণকে যথাসময়ে জানাইয়া দেওয়া হইবে। (৫) যে সকল ব্যক্তি পাবলিক ক্যারিয়ারের পারমিটের জন্য এবং যাঁহারা ষ্টেজ ক্যারেজ, কনট্রাক্ট ক্যারেজ ও পাবলিক ক্যারিয়ারে পারমিটের পুনর্নবীকরণের জন্য দরখাস্ত করিয়াছেন তাঁহাদের নামের একটি তালিকা মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের ও জেলার প্রত্যন্তবর্তী মহকুমা শাসকের নোটিশ বোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এই সম্পর্কে কোন আবেদন থাকিলে এই নোটিশ প্রকাশের ৩০ দিনের মধ্যে প্রেরণ করিতে হইবে। স্বাঃ শ্রী এ, সি, চট্টোপাধ্যায়, সম্পাদক, মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন প্রাধিকার।



শীতের দিনে-ও
ল্যানোলিন-যুক্ত বোরোলীন
আপনার ত্বক-কে সজীব রাখবে

শীতের কনকনে হাওয়ার হাত থেকে স্বাভাবিক সৌন্দর্য্য রক্ষা করতে বোরোলীন-ই হচ্ছে আদর্শ ফেস্ ক্রীম। নিয়মিত ব্যবহারে, ওষধিগুণ-যুক্ত, সুরভিত বোরোলীনের সক্রিয় উপাদান ত্বক-কে কোমল, মসৃণ ও সজীব ক'রে তুলবে আর আপনার অন্তর্লীন স্বাভাবিক সৌন্দর্য্যকে বিকশিত করবে। বোরোলীনের যত্নে নিজেকে রূপোজ্জ্বল করুন।

বোরোলীন
পরম প্রসাধন




বোরোলীনে—ল্যানোলিন আছে বলে শীতের দিনে-ও গাল, হাত ও ঠোঁটফাটার হাত থেকে রক্ষা করে আর রুক্ষতম ত্বকের-ও লাবণ্য বৃদ্ধি করে।

পরিবেশক : জি, দত্ত এণ্ড কোং ১৬, বনফিল্ড লেন • কলিকাতা-১

edarts/59


### পারিতোষিক বিতরণ উৎসব

গত ১৯শে ডিসেম্বর শনিবার মুর্শিদাবাদের জেলা শাসক শ্রী ভি. এস. সি. বনার্জি আই-এ-এস মহোদয়ের সভাপতিত্বে জঙ্গিপুর উচ্চতর মাধ্যমিক ( বহুমুখী ) বিদ্যালয়ের পারিতোষিক বিতরণ উৎসব সুসম্পন্ন হইয়াছে। শ্রীযুক্তা বনার্জি পারিতোষিক বিতরণ করেন এবং জঙ্গিপুর কলেজের অধ্যক্ষ শ্রীজগদানন্দ দত্ত মহাশয় প্রধান অতিথির আসন গ্রহণ করেন। সভায় সহর ও মফঃস্বলের বহু ভদ্রমহোদয়, ভদ্রমহিলা ও ছাত্রছাত্রীগণ যোগদান করেন। বিদ্যালয়ের ছাত্রগণের আবৃত্তি, গান ও অভিনয় সুন্দর হইয়াছিল।

### মোটর ট্রাকের চাপে মৃত্যু

গত ৪ঠা পৌষ রবিবার জঙ্গিপুর রোড রেল ষ্টেশনের অনতিদূরে উমরপুর ও রুকুর রাস্তায় সোনাটিকরী কলোনীর শ্রীতারক হালদার নামক এক বৃদ্ধ পাথর বোঝাই মোটর ট্রাকে চাপা পড়িয়া সাংঘাতিকভাবে আহত হয়। চিকিৎসার্থে বহরমপুর হাসপাতালে যায় এবং সেখানে তাহার মৃত্যু হইয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে।

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন"    টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমুর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের
# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-10



## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা শ্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।